

ঢাকা ওয়াসা

- ১। মডুস জোন-২ এর ২০২৫-২৬ অর্থ বছরের সংশোধিত অনুমোদিত ক্রয় পরিকল্পনার কপি।
 ২। পূর্বানুমোদিত দরের কপি।
 ৩। প্রস্তুতকৃত প্রাক্কলন।

বিষয়ঃ Repairing, maintenance & servicing of 02(Two) nos 250 mm dia Non return valve of Low lift pump house for CWTP, DWASA কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

১। সংযুক্ত ক্রঃ নং ০১ হতে ০৩ দয়া করে দেখা যেতে পারে। চাঁদনীঘাট ওয়াটার ফিটমেন্ট প-পন্টের (ঢাকা ওয়াটার ওয়ার্কস) লো-লিফট পাম্প হাউজের নতুন ও পুরাতন ঘরে ৩(তিন) সেট করে মোট ৬ সেট পাম্প মোটর রয়েছে। পাম্প মোটরগুলো রোস্টার অনুযায়ী সার্বক্ষণিক চালু আছে। প্রতিটি পাম্পের ডেলিভারী লাইনে একটি করে মোট ৬ টি ২৫০ এম এম ডায়ার নন রিটার্ন ভাল্ব আছে। নন রিটার্ন ভাল্বগুলো ইভারা ব্রাড, জাপানের তৈরি। ১৯৯৭ সাল হতে চালু আছে। এগুলোর মধ্যে নতুন ঘরের ২টি নন রিটার্ন ভাল্ব অকেজো/নষ্ট হয়ে যাওয়ায় পাম্প মোটর চালানো যাচ্ছে না। সেই কারণে পানি সরবরাহ ব্যাহত হচ্ছে। তাই জরুরী ভিত্তিতে ২৫০ এম এম ডায়ার নন রিটার্ন ভাল্ব মেরামত, রক্ষণাবেক্ষণ ও সার্ভিসিং কাজ করা প্রয়োজন। পূর্বানুমোদিত দরের ভিত্তিতে একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। এতে মোট টাকার পরিমাণ দাঁড়িয়েছে টাঃ ৪৮,৮৩৬.০০ (আটচল্লিশ হাজার আটশত ছত্রিশ) টাকা মাত্র যা অনুমোদন দেয়া যেতে পারে। উক্ত কাজের ব্যয়ভার অত্র জোনের ২০২৫-২০২৬ইং অর্থ বৎসরের অনুমোদিত সংশোধিত ক্রয় পরিকল্পনার পানি ও পয়ঃ শোধনাগার (ও এন্ড এম) খাতের ক্রমিক নং-১১২ হতে নির্বাহ করা হবে।

২। এমতাবস্থায়, Repairing, maintenance & servicing of 02(Two) nos 250 mm dia Non return valve of Low lift pump house for CWTP, DWASA কাজটি বাস্তবায়নের লক্ষ্যে প্রাক্কলনে উপস্থাপিত সর্বমোট=৪৮,৮৩৬.০০ (আটচল্লিশ হাজার আটশত ছত্রিশ) টাকা মাত্র এর প্রাক্কলনটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০২৫ বিধি ৯৯(ড) অনুসরণে সরাসরি চুক্তি প্রক্রিয়ায় ঠিকাদারী প্রতিষ্ঠান মুসলিম এন্টারপ্রাইজ এর অনুকূলে পরিশোধের অনুমোদন করা যেতে পারে। উল্লেখ্য, আলোচ্য কাজের অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের এখতিয়ারাধীন।

মোঃ ওমর ফারুক
 উপ-সহকারী প্রকৌশলী
 ঢাকা ওয়াটার ওয়ার্কস
 মডুস জোন-২, ঢাকা ওয়াসা

মোঃ ইলিয়াস হোসেন
 সহকারী প্রকৌশলী
 ঢাকা ওয়াটার ওয়ার্কস
 মডুস জোন-২, ঢাকা ওয়াসা

মোহাম্মদ নজরুল ইসলাম
 নির্বাহী প্রকৌশলী
 মডুস জোন-২, ঢাকা ওয়াসা।

মোঃ ফিরোজ আলম
 তত্ত্বাবধায়ক প্রকৌশলী
 মডুস সার্কেল-১, ঢাকা ওয়াসা।

৩। প্রস্তুতকৃত প্রাক্কলন

Ken, Zone 01

শওকত মাহমুদ
 প্রধান প্রকৌশলী
 ঢাকা ওয়াসা।